CENTRAL LIBRARY N.C.COLLEGE

2024/TDC(CBCS)/EVEN/SEM/
BNGDSE–601T/413

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGDSE–601T

( স্বাধীনতা-পরবর্তী বাংলা কথাসাহিত্য )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শাম্ব' উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) শাম্বের মায়ের নাম কী?

(গ) কুষ্ঠ রোগ থেকে মুক্তি পেতে শাম্ব কোন্ নদীর তীরে সাধনা করেন?

(ঘ) গ্রহরাজের বিগ্রহের পূজা করার একমাত্র অধিকারী কারা?

(ঙ) মিত্রবন কোথায় অবস্থিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কালকূট কার ছদ্মনাম? 'শাম্ব' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) 'শাম্ব' উপন্যাসে 'গ্রহরাজ' বলতে কোন্ দেবতার কথা বলা হয়েছে? শাম্ব কুষ্ঠরোগ থেকে মুক্তি পাওয়ার জন্য তার সাথে কতজন কুষ্ঠরোগাক্রান্ত নারী-পুরুষকে নিয়ে গিয়েছিলেন?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শাম্ব' উপন্যাস অবলম্বনে শাম্ব চরিত্রটি আলোচনা করো।

(খ) " 'শাম্ব' উপন্যাসটি সমাজ এবং মানুষকে কঠিন সংগ্রামের দ্বারা সাফল্যে উত্তরণের পথ দেখিয়েছে। অবসাদগ্রস্ত মানুষের মানসিক জোর তৈরি করার পথ দেখিয়েছে।" সমালোচকের এই মন্তব্য যথার্থ কিনা, আলোচনা করো।

## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি প্রথমে কী নামে প্রকাশিত হয়েছিল?

(খ) সুতারা যাজ্ঞসেনী কলেজে কোন্ বিষয়ের অধ্যাপিকা ছিলেন?

(গ) সুতারাকে কে কলকাতায় নিয়ে এসেছিল?





(ঘ) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে কয়টি পর্ব আছে?

(ঙ) পাঠ্য উপন্যাস ছাড়া জ্যোতির্ময়ী দেবীর অন্য একটি উপন্যাসের নাম উল্লেখ করো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

(খ) সুতারার পরিবার কোন্ দাঙ্গার শিকার হয়েছিল? দাঙ্গায় মা-বাবা ও দিদিকে হারিয়ে সে কোথায় আশ্রয় নিয়েছিল?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) " 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে সুতারা প্রান্তিকায়িত নারীবর্গের প্রতিনিধি। সুতারার মধ্যে মিশে গেছে পরিবার,সমাজ-সম্প্রদায় নির্ধারিত সব যুগের নারীর লাঞ্ছনা।" সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

## UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ক্যানভাসার' গল্পে ক্যানভাসারের নাম কী?

(খ) 'তাজমহল' গল্পে বৃদ্ধ মুসলমানের নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(গ) 'বুধনী' গল্পে কয়টি অনুচ্ছেদ আছে?

(ঘ) 'নিমগাছ' গল্পে নিমগাছের শেকড়ের সাথে কার তুলনা করা হয়েছে?

(ঙ) 'ক্যানভাসার' গল্পটি কোন্ গল্পসংকলনের অন্তর্ভুক্ত?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) "যার হাই তুলতে চোয়ালে খিল ধরে তার আবার বন্দুক ঘাড়ে করতে যাওয়া কেন?" উক্তিটি কে, কাকে করেছিল?

(খ) 'তাজমহল' গল্পে বৃদ্ধ মুসলমান কাকে ডাক্তার দেখাতে নিয়ে এসেছিল? তার কী রোগ হয়েছিল?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'নিমগাছ' গল্পটিতে এক গ্রামীণ বঁধুর জীবন-যন্ত্রণার সাথে নিমগাছকে কীভাবে লেখক একাকার করে উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।

(খ) 'বুধনী' গল্পে বিল্টু চরিত্রের মধ্য দিয়ে আদিম বন্যপ্রেমের যে ছবি ফুটে উঠেছে তার একটি রসগ্রাহী আলোচনা করো।





## UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বীতংস' গল্পের নায়কের নাম কী?

(খ) 'হাড়' গল্পে রায়বাহাদুরের বন্ধুর নাম কী?

(গ) তর্করত্ন যেদিন কালীপূজায় বসেছিলেন সেদিন কী তিথি ছিল?

(ঘ) 'দুঃশাসন' গল্পে দেবীদাসের ভাইপোর নাম কী?

(ঙ) "হাড় যোগাড় করেছি, কিন্তু মন্ত্রগুলো পাইনি।" উক্তিটি কার?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) "মারী আর মড়কের সমস্ত বিষ চিরকাল ওরাই তো নীলকণ্ঠের মতো নিঃশেষে পান করে নেয়।" উক্তিটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? কাকে উদ্দেশ্য করে এই উক্তিটি করা হয়েছে?

(খ) 'পুষ্করা' গল্পের গ্রামের তালুকদারের নাম কী? 'বীতংস' গল্পে কার কথা বলা হয়েছে?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) "হাড় ওরা পেয়েছে, কেবল মন্ত্র পাওয়াটা বাকী।" উক্তিটির আলোকে 'হাড়' গল্পের রসগ্রাহী আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



(খ) ‘‘পঞ্চাশের মর্মন্তুদ মন্বন্তরের দলিলস্বরূপ নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘পুস্করা’ গল্পটি একটি শিল্পসার্থক সৃষ্টি।’’ আলোচনা করো।

UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ভালোবেসে চিন্ময়োহন অমিতার নাম কী দিয়েছিল?

(খ) ‘মহাশ্বেতা’ গল্পের নায়িকার নাম কী?

(গ) ধলাকর্তার ছেলের নাম কী?

(ঘ) ‘‘গরীবের হিন্দুস্থানও নাই, পাকিস্তানও নাই, কেবল এক গোরস্থান আছে।’’ উক্তিটি কার?

(ঙ) কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে ‘পালঙ্ক’ গল্পটি লেখা হয়েছে?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মোতালেফ কার বিধবা স্ত্রীকে বিয়ে করেছিল? বিধবা স্ত্রীর নাম কী ছিল?

(খ) ‘‘ঘরের মতোই নিরাভরণ শুভ্র ওর সজ্জা।’’ ‘মহাশ্বেতা’ গল্পের সূচনা অংশে কে, কাকে এমন রূপে দেখেছে?





১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) ‘রস’ গল্প অবলম্বনে মোতালেফ চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) ‘অভিনেত্রী’ গল্প অবলম্বনে লাবণ্য চরিত্রটি আলোচনা করো।

★★★